

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০।  
প্রশাসন ( অর্থ ও আইটি ) শাখা।  
[www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)


স্মারক:৪৯.০১.০০.০০০০.০০৭.০১৮.০৭৮.১৮(অংশ-২).২২৭

তারিখ: ০৪/০২/২০২০ খ্রি:।

বিষয় : বিদেশ গমনেচ্ছু কর্মীদের অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত 'বিজ্ঞপ্তি' প্রকাশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদেশ গমনেচ্ছু কর্মীদের অনলাইন রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আগামী ০৭/০২/২০২০ তারিখ বোজ শুরুর আগের দিন আপনাদের বহুল প্রচারিত পত্রিকায় প্রথম পৃষ্ঠায় মোট ১ (এক) দিন প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনানুসারে।

  
( মোহাম্মদ আতাউর রহমান )  
যুগ্মসচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোন : ৮৩০০২৬৪ (অফিস)  
[Email-directoradmin@bmet.org.bd](mailto:Email-directoradmin@bmet.org.bd)

সম্পাদক

দৈনিক যুগান্তর/ দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সমকাল।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ/বহির্গমন/কর্মসংস্থান/প্রশিক্ষণ পরিচালনা/), বিএমইটি, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
- ৪। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ / বহির্গমন ও কর্মসংস্থান) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা।



“বৈধভাবে বিদেশ গেলে দেশ ও নিজের সুফল মেলে”

“বিজ্ঞপ্তি”

## বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে নিবন্ধন (দেশের সকল জেলার বিদেশ গমনেচ্ছু কর্মীদের জন্য)

সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রতি উপজেলা হতে প্রতি বছর গড়ে ১০০০ জন কর্মীর বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)র কেন্দ্রীয় ডাটাব্যাংকে বিদেশ গমনেচ্ছু দক্ষ, আধাদক্ষ, স্বল্পদক্ষ, অদক্ষ ও পেশাজীবী চাকরি প্রার্থীদের নাম রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে।

প্রাথমিকভাবে গত ১ আগস্ট ২০১৯ হতে ঢাকা জেলার বিদেশ গমনেচ্ছুদের জন্য নাম রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়। গত ২৭/১০/২০১৯ইং তারিখ হতে ঢাকাসহ গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী অধিবাসী বিদেশ গমনেচ্ছুদের জন্য নাম রেজিস্ট্রেশন কার্যক্রম শুরু হয়েছে। আগামী ০৯/০২/২০২০ইং তারিখ হতে দেশের অন্যান্য জেলার বিদেশ গমনেচ্ছুদের নাম রেজিস্ট্রেশন করা হবে।

### রেজিস্ট্রেশনের সুবিধা ও উল্লেখযোগ্য বিষয়সমূহ:

- \* বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশনে যে কোন স্থান হতে মোবাইল ব্যাংকিং (বিকাশ / রকেট / সিওরক্যাশ / নগদ) এর মাধ্যমে সরকার নির্ধারিত রেজিস্ট্রেশন ফি জমা দেয়া যাবে।
- \* “বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩” অনুযায়ী সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্সি / বৈদেশিক নিয়োগকর্তা কর্তৃক ডাটাব্যাংক হতে অনলাইনে কর্মী নির্বাচনের ফলে দালাল / মধ্যস্বত্ত্বভোগীদের সহায়তা নিতে হবে না। ফলে বিদেশে চাকরি প্রার্থীদের হয়রানি/দুর্ভোগ লাঘব হবে এবং অভিবাসন ব্যয় হ্রাস পাবে।
- \* রেজিস্ট্রেশনের মেয়াদকাল হবে ০২(দুই) বছর। এ সময়কালে কর্মীদের অর্জিত যোগ্যতা ডাটাব্যাংকে সংযোজন করার সুযোগ থাকবে এবং ০২(দুই) বছর পর রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে।
- \* রেজিস্ট্রেশনকৃত কর্মী/চাকরি প্রার্থীদের নির্বাচনসহ বৈদেশিক কর্মসংস্থানের সর্বশেষ অবস্থা সময়ে সময়ে এসএমএসের মাধ্যমে জানানো হবে।
- \* রেজিস্ট্রেশন একটি চলমান প্রক্রিয়া যা যে কোন সময় সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস কিংবা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সম্পন্ন করা যাবে।
- \* বৈদেশিক কর্মসংস্থানের জন্য যোগ্যতা অনুযায়ী কর্মী নির্বাচিত করা হবে।
- \* বিদেশ গমনেচ্ছু কর্মীদের বৈদেশিক শ্রমবাজারের চাহিদা মোতাবেক রিক্রুটিং এজেন্সি/নিয়োগকর্তার নিকট উপস্থাপন করা হবে।
- \* ডাটাব্যাংকে রেজিস্ট্রেশন কোন ভাবেই বিদেশে চাকরি প্রদানের নিশ্চয়তা বহন করে না।


### রেজিস্ট্রেশনের যোগ্যতা:

- \* বিদেশ গমনেচ্ছু কর্মীদের অবশ্যই কমপক্ষে ০৬(ছয়) মাসের বৈধতাসহ পাসপোর্ট থাকতে হবে।
- \* রেজিস্ট্রেশন সংক্রান্ত যোগাযোগের জন্য অবশ্যই নিজস্ব মোবাইল থাকতে হবে।
- \* বিদেশ গমনেচ্ছু দক্ষ, আধাদক্ষ ও অদক্ষ পুরুষ ও নারী কর্মীগণ রেজিস্ট্রেশন করতে পারবেন।
- \* দক্ষতা সংক্রান্ত সনদ (সার্টিফিকেট) থাকলে তা সংযোজন করতে হবে।
- \* রেজিস্ট্রেশনে আগ্রহী কর্মীদের ন্যূনতম বয়স ১৮ বছর।
- \* গৃহকর্মী হিসেবে মধ্যপ্রাচ্যে গমনেচ্ছু নারী কর্মীদের বয়সসীমা ২৫-৪৫ বছর। অন্যান্য দেশ ও পেশার ক্ষেত্রে ন্যূনতম বয়স ১৮ বছর।
- \* রেজিস্ট্রেশনে আগ্রহী নারী-পুরুষ কর্মীদের লিখতে ও পড়তে জানতে হবে।

### রেজিস্ট্রেশন ফি:

রেজিস্ট্রেশন ফি সর্বসাকুল্যে ২০০/- (দুইশত) টাকা মাত্র যা অবশ্যই মোবাইল ব্যাংকিং (বিকাশ / রকেট/ সিওরক্যাশ/ নগদ) এর মাধ্যমে জমা দিতে হবে। কোন অতিরিক্ত ফি / চার্জ দিতে হবে না।

### কিভাবে রেজিস্ট্রেশন করবেন:



### কোথায় গিয়ে রেজিস্ট্রেশন করবেন:

জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা।

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

মোবাইল: ০১৯৭১৮২১১৬২

মহাপরিচালক

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২, কাকরাইল, ঢাকা-১০০০